যুগান্তর

তারিখ 11 OCT 2002

পৃষ্ঠা

# শুরু হয়েছে সিটিআইটি কম্পিউটার মেলা

'বাংলাদেশের রয়েছে তারুণ্যদীপ্ত যুবশক্তি। তথ্যপ্রযুক্তি খাতে যদি এই বিপুল যুবশক্তিকে কাজে লাগানো যায় তাহলে অবশ্যই বাংলাদেশ বিশ্বের সঙ্গে তাল মিলিয়ে এগিয়ে যেতে সক্ষম হবে। একুশ শতকের চ্যালেঞ্জ মোকাবেলায় ডিজিটাল ডিভাইড এড়াতে আমাদের দ্রুত সিদ্ধান্ত নিয়ে এগিয়ে যেতে হবে; তা না হলে আমরা অনেক পিছিয়ে পড়ব।' উদ্বোধনী অনুষ্ঠানে পূর্বনির্ধারিত অতিথিদের অনুপস্থিতিতে প্রধান অতিথি হিসেবে 'সিটিআইটি ২০০২' কম্পিউটার মেলার উদ্বোধন উপলক্ষ্যে আমেরিকান চেম্বার অব কমার্সের সভাপতি আফতাব উল ইসলাম একথা বলেন।

উদ্বোধনী অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন স্যামসং কোম্পানির প্রতিনিধি জে এস জং এবং বিসিএসের ভারপ্রাপ্ত সভাপতি এসএম ইকবাল। অনুষ্ঠানে বিসিএস কম্পিউটার সিটির সভাপতি আহমেদ হাসান, সিটিআইটি মেলা ২০০২-এর আহ্বায়ক আজিমউদ্দীন আহমেদ এবং অন্যান্য তথ্য প্রযুক্তিবিদ উপস্থিত ছিলেন। সিটিআইটি-২০০২ মেলার প্রধান স্পন্সর স্যামসং ইলেকট্রনিক্সের সিনিয়র ভাইস প্রেসিডেন্ট জে এস জং বলেন, 'স্যামসং বাংলাদেশের



প্রতি প্রতিজ্ঞাবদ্ধ এবং বাংলাদেশের বাজার উন্নয়নে স্যামসং বিনিয়োগ করবে।'

আগারগাঁওয়ের বিসিএস কম্পিউটার সিটির এবারের মেলায় ১৭০টি কম্পিউটার হার্ডওয়্যার, সফটওয়্যার এবং ইন্টারনেট সেবাদানকারী প্রতিষ্ঠান অংশগ্রহণ করেছে। এর মধ্যে ১৪০টি স্থায়ী এবং ২৮টি অস্থায়ী স্টল।

**প্রথম দিনে নতুন পণ্য ও ছাড়**

মেলায় প্রথম দিনে বেশ কিছু কোম্পানি নতুন পণ্য নিয়ে ক্রেতাদের সামনে পসরা সাজিয়েছে। 'ক্যানন' এবারের মেলায় স্বাভাবিকের চেয়ে ১০ থেকে ১৫ ভাগ ছাড়ে বেশ কিছু নতুন পণ্য নিয়ে এসেছে। এগুলোর মধ্যে এস৬৩০০, এস৮২০, এস২০০এসপি বাবল জেট প্রিন্টার এবং এলবিপি-১২১০ প্রিন্টার রয়েছে। ডেল্টা নেটওয়ার্ক সিস্টেম (ডিএনএস) ইউম্যাক্সের অত্যাধুনিক ডিজিটাল ক্যামেরা এস্ট্রাপিক্স ৩৮০, স্ক্যানার এস্ট্রা ২৫০০, সাইক্লেডের সার্ভার, রাউটার প্রভৃতি নতুন পণ্য নিয়ে তাদের প্যাভিলিয়ন সাজিয়েছে। এছাড়া বিশ্বখ্যাত হিউলেট প্যাকার্ডের নতুন মডেলের প্রিন্টার পাওয়া যাচ্ছে মাল্টিলিংকের স্টলে। ইন্টেলের সার্ভার নিয়ে এসেছে স্পেকটার্ম ইঞ্জিনিয়ারিং কনসোর্টিয়াম। ক্রিসেন্ট কম্পিউটার সার্ভিসেস গিগাবাইটের সব পণ্যে দিচ্ছে বিশেষ ছাড়। ট্রাইজেম কম্পিউটার্স মেলায় নিয়ে এসেছে বাংলা টু ইংরেজি টকিং ডিকশনারি। বিজয় অনলাইন লিমিটেড সর্বনিম্ন মূল্যে প্রিপেইড ইন্টারনেট কার্ড বিক্রি করছে এবং সমমূল্যের ৬টি কার্ড জমা দিলে ১টি কার্ড ফ্রি দিচ্ছে। এছাড়া দৃকনেট এবং কানেক্ট বিডি বিশেষ সুবিধা দিচ্ছে। ডলফিন কম্পিউটার্সের এমিগো ল্যাপটপের নতুন মডেলও বেশ সাড়া জাগিয়েছে। মেলায় ইসলামী ব্যাংক একাউন্ট খোলা এবং টাকা জমা দেয়ার বিশেষ সুবিধা দিচ্ছে। কম্পিউটার ভ্যালি লিমিটেড এমএসআই পণ্যে দিচ্ছে বিশেষ ছাড়।

**গাড়ি পার্কিং**

মেলায় আগত দর্শক-ক্রেতাদের গাড়ি পার্কিংয়ের জন্য নেয়া হয়েছে বিশেষ ব্যবস্থা।

**খাবার-দাবার**

মেলায় অফিসিয়াল খাবার সরবরাহ করছে বন অ্যাপেটাইট। মেলায় তৃতীয় তলায় খাওয়া-দাওয়ার জন্য প্যান্ডেল টানানো হয়েছে।

**মেলায় ইভেন্ট**

এবারের সিটিআইটি-২০০২ মেলায় কেন্দ্রীয় কর্মসূচির আওতায় কম্পিউটার সিটির স্থায়ী মঞ্চে প্রতিদিন একটি করে মোট ১১টি ইভেন্ট অনুষ্ঠিত হবে। প্রতিটি ইভেন্ট শেষে অংশগ্রহণকারীদের নিয়ে কুইজ অনুষ্ঠিত হবে এবং বিজয়ীদের জন্য থাকছে আকর্ষণীয় পুরস্কার।

**স্কুলের শিক্ষার্থীদের জন্য বিশেষ সুযোগ**

সিটিআইটি-২০০২ মেলা স্কুলের শিক্ষার্থীদের জন্য উন্মুক্ত থাকবে। তবে তাদের পরিচয়পত্র ও শিক্ষককে নিয়ে আসতে হবে।

আগামী ২০ অক্টোবর পর্যন্ত প্রতিদিন সকাল ১০টা থেকে রাত ৮টা পর্যন্ত মেলা চলবে আগারগাওয়ের বিসিএস কম্পিউটার সিটিতে।

—আল আমিন